দৈনিক ইত্তেফাক
MAR 29 2002

শুরু হলো স্বাধীনতা বইমেলা

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ঘোষিত 'জাতীয় গ্রন্থ বর্ষ ২০০২'-এর বছরব্যাপী কর্মসূচীর অংশ হিসেবে ২৭ মার্চ বুধবার ঢাকার কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরী চত্বরে প্রথমবারের মতো শুরু হয়েছে 'স্বাধীনতা বইমেলা'। সংস্কৃতি মন্ত্রণালয়ের অধীন আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর আয়োজিত ১৯ দিনব্যাপী এই স্বাধীনতার বইমেলা চলবে আগামী ১৪ এপ্রিল (পহেলা বৈশাখ) পর্যন্ত। প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত এই মেলা সর্বসাধারণের জন্য উন্মুক্ত থাকবে।

সংস্কৃতি প্রতিমন্ত্রী বেগম সেলিমা রহমান এই স্বাধীনতা বইমেলার আনুষ্ঠানিক উদ্বোধন করে বলেছেন, বই হতে পারে সর্বস্তরের মানুষের নিত্য সহচর। বই একদিকে যেমন জ্ঞান-অন্বেষণের প্রধান মাধ্যম, অন্যদিকে বই হতে পারে সুস্থ বিনোদনেরও অন্যতম কারণ। এই দিকগুলো বিবেচনা করেই স্বাধীনতা বইমেলার এই আয়োজন। উদ্বোধনী দিনে মেলায় কথা হলো কয়েকজন প্রকাশক, লেখক ও দর্শকের সঙ্গে। প্রকাশকদের মধ্যে এশিয়া পাবলিকেশন্সের ইসমাইল হোসেন বকুল, বাড কমপ্রিট অ্যান্ড পাবলিকেশন্সের মোহাম্মদ শিহাবউদ্দীন ও জ্ঞান বিতরণীর সহিদুল ইসলাম স্বাধীনতা বইমেলার সফলতা নিয়ে আশাবাদ ব্যক্ত করে বললেন, মানুষের মধ্যে বই ক্রয় এবং বই পাঠের আগ্রহ ও প্রবণতা তৈরীর ক্ষেত্রে 'বইমেলা'র আয়োজন অপরিহার্য। এভাবে সপ্তাহ, পক্ষকাল বা মাসব্যাপী মেলাই কেবল নয়, প্রয়োজন সারাবছর জুড়ে বইমেলা, যাতে বইপ্রেমী পাঠক-ক্রেতারা সহজেই তাদের পছন্দের বইগুলো কিনতে পারেন। দূর-দূরান্তের প্রকাশনী থেকে বই কিনতে যেন তাদেরকে বিড়ম্বনার শিকার হতে না হয়।



এ ধরনের মেলা সর্বস্তরের মানুষকে বইয়ের কাছাকাছি নিয়ে আসতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সেই সাথে লেখক-পাঠক, প্রকাশকদের পারস্পরিক দূরত্বকেও যথেষ্ট কমিয়ে আনতে পারে। স্বাধীনতা বইমেলায় আগত দর্শক-ক্রেতাদের অনেকেই দিলেন এমন অভিমত। স্বাধীনতা বইমেলায় মোট স্টল রয়েছে ৫৪টি। এ বছরের ঢাকা বইমেলা এবং একুশে বইমেলা উপলক্ষে প্রকাশিত নতুন বইগুলোই মূলত এই মেলায় শোভা পাচ্ছে। তবে এর বাইরেও কয়েকটি প্রকাশনী নতুন কিছু বই প্রকাশ করেছে, যেগুলো এই মেলায় বিশেষ আকর্ষণ হিসেবে বিবেচিত হচ্ছে। এছাড়া, অনেক গুরুত্বপূর্ণ বই, যেগুলো প্রকাশিত হয়েছে একুশে বইমেলার শেষের দিকে এবং অনেক বই নির্ধারিত সময়ের মধ্যে একুশে মেলায় আসতে বিলম্ব ঘটেছে, সেই বইগুলো এই স্বাধীনতা বইমেলা থেকে সংগ্রহ করার বিশেষ সুযোগ সৃষ্টি হয়েছে; বললেন কয়েকজন প্রকাশক।

❑ আতিক হেলাল